

EFD/SDC তে VAT দিন
লটারীর কপন বক্সে নিন

প্রতি মাসে লটারীতে রয়েছে ১ [এক] লক্ষ
থেকে ১০ [দশ] হাজার টাকার পুরস্কার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (উত্তর), ঢাকা
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর নং-০৭
উত্তরা, ঢাকা-১২৩০।
[E-mail: commdkn@yahoo.com]

“উন্নয়নের ভ্যাট নীতি
ভ্যাট দিয়ে গড়ব জাতি”

রেজিঃ ডাকযোগে/বাহক
মারফত/ই-মেইল যোগে

আদেশ

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর সার্কেল-১ এ কর্মরত সিপাই জনাব মোহাম্মদ আবু নাসিম পলাশ (জন্ম তারিখ- ২৮/১১/১৯৮৮ খ্রি.) স্ত্রীসহ ভারতের ধর্মীয় স্থান পরিদর্শনের লক্ষ্যে ১৪/০৩/২০২৪ খ্রি. হতে ২৩/০৩/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১০ (দশ) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরের জন্য আবেদন করেছেন। আবেদনের পরিপ্রেক্ষিতে, তাঁকে ভারতের ধর্মীয় স্থান পরিদর্শনের লক্ষ্যে ভারত গমনের অনুমতিসহ ১৪/০৩/২০২৪ খ্রি. হতে ২৩/০৩/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১০ (দশ) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি নিম্নোক্ত শর্তে মঞ্জুর করা হলো:

- (ক) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিপত্র নং-০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪(৫০০), তারিখ-১৯/০৬/২০১১ খ্রি. ও জাতীয় রাজস্ব বোর্ডের পরিপত্র নং-০৮.০১.০০০০.০১৩.১৬.০০১-১৫/৩১৬(৬), তারিখ-২৫/০৩/২০১৫ খ্রি. অনুসরণে এ অনুমতি প্রদান করা হলো;
- (খ) এটি ব্যক্তিগত ভ্রমণ হওয়ায় তিনি সরকারি খাত হতে কোন প্রকার আর্থিক সুবিধা ও সরকারিভাবে কোন বৈদেশিক মুদ্রা মঞ্জুরি পাবেন না;
- (গ) তাঁর বিদেশে অবস্থানকালীন বাংলাদেশ সরকারের দেশী ও বৈদেশিক মুদ্রায় কোন অর্থ ব্যয় হবে না অর্থাৎ এই ছুটি মঞ্জুরির আদেশে সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই;
- (ঘ) আরও শর্ত থাকে যে, মঞ্জুরিকৃত বহিঃ বাংলাদেশ (অর্জিত) ছুটি কোন অবস্থাতেই বর্ধিত করা যাবে না এবং ছুটিকালীন বেতন তিনি বাংলাদেশী মুদ্রায় পাবেন;
- (ঙ) কোন কারণে ১৪/০৩/২০২৩ খ্রি. তারিখে ছুটিতে না গেলে প্রকৃত ছুটি ভোগের তারিখ ছুটিতে গমনের ০২ (দুই) দিন পূর্বে এই দপ্তরকে অবহিত করবেন; এবং
- (চ) এই অনুমতিপত্র জারির তারিখ হতে ০৩(তিন) মাস পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাক্ষর:-

নিতীশ বিশ্বাস
ডেপুটি কমিশনার
কমিশনারের পক্ষে

ফোন: ০২-৪৮৯৫৮১০৬

ই-মেইল: commdkn@yahoo.com

তারিখ- ০৪/০৩/২০২৪ খ্রি.

নথি নং-২(২৩)-০৩/ঢাকা উত্তর/জঃপ্রঃ/সদর/৩৩/২০১৯/ ৭৬ (৭)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
- ২। যুগ্ম-কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
- ৩। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, গাজীপুর।
- ৪। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর/বেনাপোল/আখাউড়া।
- ৫। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর সার্কেল-১।
- ৬। পি.এ.টু কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। জনাব মোহাম্মদ আবু নাসিম পলাশ, সিপাই, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর সার্কেল-১।

স্বাক্ষর:-
নিতীশ বিশ্বাস
ডেপুটি কমিশনার